

বিজ্ঞপ্তি
আর্মি মেডিকেল কলেজ

(চট্টগ্রাম, কুমিল্লা, যশোর, বগুড়া এবং রংপুর সেনানিবাস)

২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে বেসরকারি আর্মি মেডিকেল কলেজসমূহে এমবিবিএস কোর্সে দেশি শিক্ষার্থীদের ভর্তি বিজ্ঞপ্তি

বাংলাদেশ মেডিকেল এন্ড ডেন্টাল কাউন্সিল কর্তৃক প্রণীত 'মেডিকেল কলেজ ও ডেন্টাল কলেজ/ইউনিট এ এমবিবিএস/বিডিএস কোর্সে শিক্ষার্থী ভর্তি নীতিমালা-২০২৫' অনুযায়ী বেসরকারি মেডিকেল কলেজসমূহে এমবিবিএস কোর্সে দেশি শিক্ষার্থীদের অনলাইনে নির্ধারিত ছকে আবেদন আহ্বান করা হচ্ছে:

১। আর্মি মেডিকেল কলেজসমূহে ভর্তিচ্ছু শিক্ষার্থীদের Online Form-এর মাধ্যমে অনলাইনে (<https://afmc.edu.bd/admission>) আবেদন করতে হবে। ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে এমবিবিএস ভর্তি পরীক্ষায় কৃতকার্য প্রার্থীদের মধ্য হতে মোট ১৪০ ও তদূর্ধ্ব নম্বর প্রাপ্ত প্রার্থীগণ অনলাইনে আবেদন প্রক্রিয়ায় অংশগ্রহণ করতে পারবেন।

২। অনলাইনে আবেদন পূরণ করার সময় বিস্তারিত নির্দেশাবলি www.afmc.edu.bd ভালোভাবে পড়ে, বুঝে, নির্দেশনা অনুযায়ী সতর্কতার সাথে পূরণ করতে হবে। আবেদন ফি ১০০/- (এক শত) টাকা Send Money করতে হবে।

৩। অনলাইনে বিজ্ঞপ্তি প্রকাশ	:	০৭-০২-২০২৫
৪। অনলাইন আবেদন শুরুর তারিখ	:	১৫-০২-২০২৫ (সকাল ১০০০ ঘটিকা)
৫। অনলাইন আবেদনের শেষ তারিখ	:	০৯-০৩-২০২৫ (রাত ১১৫৯ ঘটিকা)
৬। আবেদনের ফি জমাদানের শেষ তারিখ	:	০৯-০৩-২০২৫ (রাত ১১৫৯ ঘটিকা)
৭। ভর্তি শুরুর তারিখ	:	১৬-০৩-২০২৫
৮। ভর্তির শেষ তারিখ	:	২৪-০৩-২০২৫

৯। আর্মি মেডিকেল কলেজে ভর্তির ক্ষেত্রে প্রণীত নীতিমালা অনুসরণ করা হবে।

১০। অনলাইন আবেদন: শিক্ষার্থীকে ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে আর্মড ফোর্সেস মেডিকেল কলেজ ও ০৫টি আর্মি মেডিকেল কলেজে এমবিবিএস ভর্তি পরীক্ষার জন্য ব্যবহৃত রোল নং এবং ইউজার আইডি-এর মাধ্যমে Online Form-এর মাধ্যমে অনলাইনে (<https://afmc.edu.bd/admission>) আবেদন করতে হবে। আর্মি মেডিকেল কলেজে ভর্তির জন্য আবেদন করার সময় প্রার্থীরা ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষের এমবিবিএস ভর্তি পরীক্ষায় আবেদন করার জন্য যে প্রমাণপত্র ব্যবহার করেছেন তা সিস্টেম দ্বারা স্বয়ংক্রিয়ভাবে যাচিত হবে।

১১। Online Form-এ প্রদর্শিত আর্মি মেডিকেল কলেজসমূহ হতে তার পছন্দের ০১টি আর্মি মেডিকেল কলেজের জন্য ০১টি আবেদন করবে এবং প্রার্থী ইচ্ছা করলে পৃথকভাবে একাধিক আর্মি মেডিকেল কলেজে আবেদন করতে পারবে (সর্বোচ্চ ৫টি)। প্রতিটি আবেদনের জন্য আলাদা আলাদা আবেদন ফি প্রদান করতে হবে। পরবর্তীতে আবেদনের পছন্দ ও মেধা অনুযায়ী যোগ্য শিক্ষার্থীর তালিকা প্রকাশ করা হবে। আগামী ১৬ মার্চ হতে নির্বাচিত প্রার্থীগণ স্ব স্ব মেডিকেল কলেজে ভর্তি কার্যক্রম সম্পন্ন করবেন।

১২। আসন খালি থাকা সাপেক্ষে শূন্য আসনে মেধাক্রম অনুসারে ভর্তি করানো হবে।

১৩। অনলাইন আবেদনপত্র পূরণের নিয়মাবলি:

১৪.১ অনলাইনে আবেদনপত্র জমা দেওয়ার পূর্বে নির্দেশাবলি ভালভাবে পড়ে, বুঝে নির্দেশনা অনুযায়ী সতর্কতার সাথে দাখিল করতে হবে।

১৪.২ ভর্তিচ্ছু মেডিকেল কলেজসমূহের নামগুলো যেকোনো একটিকে বাছাই করবেন। এটা করার আগে অভিভাবক/ স্বজনদের সাহায্য নেয়া যেতে পারে।

১৪.৩ সঠিকভাবে আবেদনপত্র পূরণ হলে Online Form-এ পূরণ করে Submit Button এ ক্লিক করতে হবে। বিকাশের মাধ্যমে Send Money করে ফি জমা দিতে হবে।

১৪.৪ ফি জমা দেয়ার পদ্ধতি:

আবেদনের সময়:

বিকাশের মাধ্যমে আবেদন ফি ১০০/- (এক শত) টাকা 01769016806 নাম্বারে Send Money করতে হবে: বিকাশ Transaction সফল হলে TrxID টি Online Form-এ নির্দিষ্ট স্থানে লিখে দেন। টাকা পাঠানোর সময় রেফারেন্সে এ রোল নং দিতে হবে। **ফর্মে TrxID, User ID ও রোল নং ভুল হলে আবেদন পত্র বাতিল বলিয়া গণ্য হইবে।**

১৫। কলেজ ভিত্তিক নির্বাচিত ভর্তিচ্ছু শিক্ষার্থীকে আবেদনপত্রে যে সকল তথ্য ও সনদপত্র উল্লেখ আছে তার মূল কপি ভর্তির সময় অবশ্যই দাখিল করতে হবে। ভর্তির সময় সংশ্লিষ্ট মেডিকেল কলেজের অধ্যক্ষ কর্তৃক গঠিত মেডিকেল বোর্ড নির্বাচিত শিক্ষার্থীদের স্বাস্থ্য পরীক্ষা সম্পন্ন করবেন এবং স্থানীয় ভর্তি কমিটি প্রয়োজনীয় কাগজপত্রাদি যাচাই বাছাই করে যোগ্য শিক্ষার্থীদের ভর্তির সুপারিশ করবেন। ভর্তির পর প্রত্যেক কলেজ কর্তৃপক্ষ প্রত্যেক ছাত্র/ছাত্রীর এসএসসি, এইচএসসি বা সমমান পরীক্ষার সনদ ও নম্বরপত্র সংশ্লিষ্ট শিক্ষাবোর্ডের মাধ্যমে সত্যতা যাচাই করবেন।

১৬। চূড়ান্তভাবে ভর্তি সম্পন্ন হওয়ার পর কোনো শিক্ষার্থীকে ইন্টার্নশীপ শেষ না হওয়া পর্যন্ত কোনোভাবেই ভর্তিকৃত এক সরকারি বা বেসরকারি মেডিকেল কলেজ হইতে অন্য মেডিকেল কলেজ এ বদলি হওয়া বা করা যাবে না।

১৭। এমবিবিএস কোর্সের শিক্ষার্থীদেরকে বাংলাদেশ মেডিকেল এন্ড ডেন্টাল কাউন্সিল (বিএমএন্ডডিসি) অনুমোদিত কারিকুলাম অনুযায়ী শিক্ষা কার্যক্রম সম্পাদন করিতে হইবে। কোর্স শেষে স্ব স্ব মেডিকেল কলেজ হাসপাতালে বিএমএন্ডডিসি নির্ধারিত লগবুক অনুযায়ী এক বছর ইন্টার্নশীপ সম্পন্ন করা সকলের জন্য বাধ্যতামূলক। কোনোক্রমেই অন্য শিক্ষা প্রতিষ্ঠানে ইন্টার্নশীপের জন্য মাইগ্রেশন করা যাইবে না।

১৮। আবেদনপত্র প্রক্রিয়াকরণ, নিরীক্ষণ, আর্মি মেডিকেল কলেজ নির্ধারণ ও চূড়ান্তকরণ ডিজিটাল প্রক্রিয়ায় সম্পন্ন করা হবে।

১৯। নির্বাচিত কোন প্রার্থীর দেয়া তথ্য (যা কলেজ নির্ধারনে বিবেচিত হতে পারে) অসম্পূর্ণ ও ভুল প্রমাণিত হলে, তার আবেদন /কলেজ নির্ধারন/ভর্তি বাতিল বলে গণ্য হবে।

২০। যে কোনো বিষয়ে ভর্তি পরীক্ষা কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।

২১। ফর্ম সংক্রান্ত তথ্যের জন্য 01769016806 নাম্বারে যোগাযোগ করার অনুরোধ রইল।